

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

অষ্টম শ্রেণি

বাংলা

পূর্ণমান : ২০

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১×৩=৩

১.১ ‘বোঝাপড়া’ কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত যে কাব্যগ্রন্থে রয়েছে —

(ক) পুনশ্চ

(খ) খেয়া

(গ) শেষলেখা

(ঘ) ক্ষণিকা

১.২ ‘অনেক _____ কাটিয়ে বুঝি / এলে সুখের বন্দরেতে’ — শূন্যস্থানে বসবে

(ক) বাগড়া

(খ) শঙ্কা

(গ) বাঞ্ছা

(ঘ) অশ্রু

১.৩ ‘আকাশ তবু _____ থাকে’ — শূন্যস্থানে বসবে

(ক) ডাগর

(খ) সুনীল

(গ) আঁধার

(ঘ) মস্ত

২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :

১×৩=৩

২.১ ‘কতকটা এ ভবের গতিক’ — ‘ভবের গতিক’টি কী?

২.২ ‘চলে আসছে এমনি রকম’ — কোন্ সময়ের কথা কবি এক্ষেত্রে স্মরণ করেছেন?

২.৩ ‘সেইটে সবার চেয়ে শ্রেয়’ — কোন্ বিষয়টিকে সবার চেয়ে শ্রেয় মনে করা হয়েছে?

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

৩×৩=৯

৩.১ ‘তবু ভেবে দেখতে গেলে’ — কবি কী ভেবে দেখার কথা বলেছেন?

৩.২ ‘শঙ্কা যেথায় করে না কেউ / সেইখানে হয় জাহাজ-ডুবি’। — উদ্ভূতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো।

৩.৩ ‘দোহাই তবে এ কার্যটা / যত শীঘ্র পারো সারো’। — কবি কোন্ কার্যটা দ্রুত সারতে বলেছেন?

৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো :

৫

‘ভালো মন্দ যাহাই আসুক / সত্যেরে লও সহজে’।

পঙ্ক্তি দুটি ‘বোঝাপড়া’ কবিতায় কতবার ব্যবহার করা হয়েছে? এমন পুনরাবৃত্তির কারণ কবিতাটির বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ করো।

১+৪

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।